

3 (Sem-6/CBCS) BEN HC 1

2 0 2 2

BENGALI

Paper : BEN-HC-6016

(সাহিত্যের সংজ্ঞা ও সংরূপ)

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও
(যে কোনো দশটি) : ১×১০=১০
- (ক) 'ঈনিড' মহাকাব্যটির রচয়িতা কে ?
- (খ) রাজহানের চারণকবিরা কোন্ ভাষায় রাজপুত
বীরপুরুষদের কাহিনি গান বা ছড়ার আকারে পরিবেশন
করতেন ?
- (গ) 'মহাভারত'-এর আখ্যান অবলম্বনে রচিত শ্রীহর্ষের
কাব্যটির নাম লেখো ।
- (ঘ) আলঙ্কারিক মহাকাব্যকে অন্য কী নামে চিহ্নিত করা হয়ে
থাকে ?
- (ঙ) 'Epic' শব্দটি কোন্ ভাষা থেকে গৃহীত হয়েছে ?
- (চ) ভারতবর্ষে কে প্রথম প্রথাসিদ্ধ ছোটগল্প লিখেছেন ?

- (ছ) খ্রিস্টপূর্ব সপ্তম শতকে বিদ্যমান একজন গ্রিক মহিলা কবির নাম লেখো।
- (জ) একটি সনেটে কতগুলো পংক্তি থাকে?
- (ঝ) ইউরোপের যাজক সমাজে ধর্মীয় প্রেরণায় যে ধরনের নাটক মধ্যযুগে রচিত ও অভিনীত হতো তার যে কোনো এক প্রকার নাটকের নাম লেখো।
- (ঞ) ফরাসী ভাষায় উপন্যাসকে কী বলা হয়?
- (ট) 'মুদ্রারাক্ষস' নাটকের রচয়িতা কে?
- (ঠ) Clouds, Birds, Frogs ইত্যাদি রূপকের আড়ালে খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে কোন্ পাশ্চাত্য নাট্যকার কমেডি রচনা করেছিলেন?
- (ড) *The Theatre and Dramatic Theory* গ্রন্থটির লেখক কে?
- (ঢ) কোন্ দেশে প্রথম গদ্য আখ্যান লেখা হয়েছিল?
- (ণ) কে সর্বপ্রথম ছোটগল্প রচনার নিয়মনীতি বেঁধে দেওয়ার চেষ্টা করেছেন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- (ক) ইউরোপে কবে থেকে মৌখিক লোকগাথা ব্যালাড নামে পরিচিত হয়েছে? এর মূল ল্যাটিন শব্দটি কী?
- (খ) আর্ষ মহাকাব্য রচয়িতা যে কোনো দুজন মহাকবির নাম লেখো।
- (গ) কৃষকদের মুখ থেকে সংগৃহীত ফিনল্যান্ড ও এস্টোনিয়ার দুটি জাতীয় বীরত্বের গৌরবময় কাহিনির নাম লেখো।

- (ঘ) বাণভট্ট কোন্ শতকের লেখক? তাঁর রচিত একখানা গ্রন্থের নাম লেখো।
- (ঙ) সোহরাব-রুম্মের গল্প কোন্ মহাকাব্যের অন্তর্গত? এর রচনাকার কে?
- (চ) সংস্কৃত রূপকের কতগুলো ভেদ আছে? উপরূপকের সংখ্যা কয়টি?
- (ছ) কমেডির দুটি স্তর কী কী?
- (জ) ইউরোপ-আমেরিকার দুজন ছোটগল্প রচয়িতার নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

- (ক) সনেটের বৈশিষ্ট্যগুলোর পরিচয় দাও।
- (খ) ব্যালাডের উৎস সম্বন্ধে যা জান, লেখো।
- (গ) Primitive Epic কোনগুলো? এর পরিচয় দাও।
- (ঘ) গ্রিক নাটকের 'ত্রয়ী ঐক্য' সম্বন্ধে কী জান, লেখো।
- (ঙ) সংস্কৃতে রচিত প্রাচীন গদ্য আখ্যায়িকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (চ) পাশ্চাত্য রীতি অনুযায়ী নাটক-নাট্যকার শ্রেণীবিভাগ সম্বন্ধে যা জান, লেখো।
- (ছ) প্রাচীন ভারতবর্ষে গল্প রচনাধারার একটি সংক্ষিপ্ত রূপরেখা অঙ্কন করো।
- (জ) টীকা লেখো :
'পঞ্চতন্ত্র' অথবা 'হিতোপদেশ'

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : $১০ \times ৪ = ৪০$

(ক) মহাকাব্যের শ্রেণীবিভাগ সম্বন্ধে যা জান, লেখো। বাংলা ভাষায় প্রাপ্ত ভারতীয় মহাকাব্য হিসাবে পরিচিত রচনাগুলো কোন্ কোন্ শ্রেণীভুক্ত তা কারণসহ উল্লেখ করো। $৫+৫=১০$

(খ) মহাকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলোর পরিচয় দাও।

(গ) 'আৰ্ষ' ও 'সারস্বত' মহাকাব্যের মধ্যে উদাহরণসহ একটি তুলনামূলক আলোচনা করো।

(ঘ) গীতিকবিতার শ্রেণীবিভাগগুলো উল্লেখ করে যে কোনো দুটি প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

(ঙ) উদাহরণসহ গীতিকবিতার সাধারণ বৈশিষ্ট্যগুলো পর্যালোচনা করো।

(চ) ট্রাজেডি নাটক কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলোর পরিচয় দাও। $৫+৫=১০$

(ছ) সংস্কৃত নাটকের 'পঞ্চসন্ধি' কী? পাশ্চাত্য নাট্যরীতি অনুযায়ী এর সমতুল্য বিভাগ কোনগুলো? আলোচনা করো। $২+২+৬=১০$

(জ) উপন্যাস শিল্পের উৎস বিষয়ে একটি আলোচনা প্রস্তুত করো।

(ঝ) ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা কী? এর বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

(ঞ) একটি সার্থক ছোটগল্পের বৈশিষ্ট্য সম্পর্কে পর্যালোচনা করো।

★ ★ ★